গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ২২ জুন ২০১৫, ৮ আষাঢ় ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সিরিজ জয় বাংলাদেশের : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন
-নিশ্চিত হলো চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলা

২। ইঁদুরে ফসলের ক্ষতি ৭২৩ কোটি ৭২ লাখ টাকার : কৃষিমন্ত্রী

৩। ঈদে মহাসড়কে ভোগান্তি হবে না : সংসদে সড়ক পরিবহণমন্ত্রী

৪। প্রস্তাবিত বেতন স্কেলে শিক্ষকদের অসন্তোষের কথা জানিয়ে মন্ত্রিপরিষদে শিক্ষামন্ত্রীর চিঠি

৫। চট্টগ্রামে তেলবাহী ওয়াগন দুর্ঘটনায় বিভাগীয় কমিশনারকে চেয়ারম্যান করে সমন্বয় কমিটি

৬। আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে ৯ জুলাই থেকে ট্রেনের অগ্রিম টিকিট

৭। ১০ টাকার অ্যাকাউন্ট খোলার কাজ গতিশীল করার আহ্বান কেন্দ্রীয় ব্যাংকের

৮। ঈদে লঞ্চে যাত্রী ও মালামাল ওভারলোড করলে কঠিন শাস্তি
: নৌপরিবহণ মন্ত্রণালয়ের সতর্কতামূলক ব্যবস্থা

৯। ২৭ কোটি টাকার ইয়াবাসহ পুলিশ কর্মকর্তা আটক

১০। ওষুধ জালিয়াতিতে ১০ লাখ অ্যামোক্সিসিলিনসহ বিপুল নকল ওষুধ উদ্ধার

১১। সমুদ্র বন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

চলমান পাতা/২

১। সিরিজ জয় বাংলাদেশের : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

-নিশ্চিত হলো চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলা

মুস্তাফিজুর রহমানের রেকর্ড বোলিং পারফরমেন্সের মধ্য দিয়ে ভারতকে ছয় উইকেটে হারিয়ে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ জয় নিশ্চিত করল বাংলাদেশ। ভারতের বিপক্ষে ওয়ানডে সিরিজ জয়ে টাইগারদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এবং বিরোধীদলীয় নেতা। গতকাল ২১ জুন রোববার রাতে রাজধানীর শেরেবাংলা জাতীয় স্টেডিয়ামে ভারতকে ৬ উইকেটে পরাজিত করার পর পৃথক বার্তায় তারা এ অভিনন্দন জানান।

এছাড়া চলতি বছরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে র‌্যাংকিংয়ের আটে থাকতে পারলেই মিলবে ২০১৭ চ্যাম্পিয়ন্স ট্রফি খেলার সুযোগ। এ জন্য হাতে ছিল ভারতের সঙ্গে ৩ ম্যাচ এবং আসছে দক্ষিণ আফ্রিকার সঙ্গে ৩ ম্যাচ মোট ৬টি ওয়ানডে। এই ৬টির মধ্যে দুটি জিতলেই হতো। গতকাল ২১ জুন রোববার দ্বিতীয় ওয়ানডেতেও ভারতকে হারিয়ে সেই লক্ষ্যে পৌঁছল মাশরাফি-সাকিবরা। এই জয়ে ভারতের বিপক্ষে প্রথমবারের মতো সিরিজ জয়ও নিশ্চিত হলো। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, সমকাল, জনকণ্ঠ, সংবাদ, ভোরের কাগজ, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ইঁদুরে ফসলের ক্ষতি ৭২৩ কোটি ৭২ লাখ টাকার : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী জানিয়েছেন, চলতি অর্থবছরে ইঁদুর সারাদেশে ৭২৩ কোটি ৭২ লাখ ৭ হাজার ৩৫৫ টাকার ফসলের ক্ষতি করেছে। গতকাল ২১ জুন রোববার সংসদে টেবিলে উপস্থাপিত এক প্রশ্নের জবাবে তিনি এই তথ্য জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৫), সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৩। ঈদে মহাসড়কে ভোগান্তি হবে না : সংসদে সড়ক পরিবহণমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশব্যাপী মহাসড়কগুলো এখন যান চলাচলের উপযোগী রয়েছে। এবার ঈদে মহাসড়কগুলোতে কোনো দুর্ভোগ ও ভোগান্তি হবে না। গতকাল ২১ জুন রোববার জাতীয় সংসদে ৩০০ বিধিতে দেওয়া বিবৃতিতে ওবায়দুল কাদের এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.৩,ক.৬)।

৪। প্রস্তাবিত বেতন স্কেলে শিক্ষকদের অসন্তোষের কথা জানিয়ে মন্ত্রিপরিষদে শিক্ষামন্ত্রীর চিঠি

প্রস্তাবিত অষ্টম জাতীয় বেতন স্কেল নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আপত্তির কথা জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মোশাররাফ হোসাইন ভূইঞাকে আধা সরকারি পত্র (ডিও লেটার) দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ২১ জুন রোববার এ চিঠি মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হয়। মন্ত্রী একই ধরনের চিঠি লিখেছেন রাষ্ট্রপতির সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব এবং জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিবদের কাছেও। এতে তিনি শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল ও রাষ্ট্রীয় মর্যাদাক্রমে (ওয়ারেন্ট অব প্রিসিডেন্স) শিক্ষকদের যথাযথ মর্যাদা দেওয়ার অনুরোধ জানান। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬)।

৫। চট্টগ্রামে তেলবাহী ওয়াগন দুর্ঘটনায় বিভাগীয় কমিশনারকে চেয়ারম্যান করে সমন্বয় কমিটি

চট্টগ্রামের বোয়ালখালী উপজেলার বেঙ্গুরা এলাকায় রেলসেতু ভেঙ্গে তেলবাহী ওয়াগন পড়ে গিয়ে ফার্নেস অয়েল ছড়ানোর কারণে পরিবেশ বিপর্যয় ঠেকাতে দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিয়েছে পরিবেশ ও বন মন্ত্রণালয়। গতকাল ২১ জুন রোববার পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সভাকক্ষে পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জুর সভাপতিত্বে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। পরিস্থিতি মোকাবিলায় চট্টগ্রামের বিভাগীয় কমিশনারকে চেয়ারম্যান করে সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের নিয়ে একটি সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৬। আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে ৯ জুলাই থেকে ট্রেনের অগ্রিম টিকিট

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে প্রতিদিন ২ লাখ ৫০ হাজার যাত্রী পরিবহণের টার্গেট নিয়ে আগামী ৯ জুলাই থেকে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে রেল কর্তৃপক্ষ। এছাড়া ঈদের আগের তিন দিন (১৫ থেকে ১৭ জুলাই) এবং ইদের পরের ৭ দিন (২০ থেকে ২৬ জুলাই) ৭ জোড়া স্পেশাল ট্রেন সার্ভিস চালু করা হবে। গতকাল ২১ জুন রোববার রেল ভবনে আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে বাস্তবায়ন কৌশলসহ কর্মপরিকল্পনা বিষয়ক এক সংবাদ সম্মেলনে রেলমন্ত্রী মুজিবুল হক এ কথা জানান। সূত্র-যায়যায়দিন (শেষ পৃ.,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৪), যুগান্তর (পৃ.১,ক.৮), ডেইলি সান (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

৭। ১০ টাকার অ্যাকাউন্ট খোলার কাজ গতিশীল করার আহ্বান কেন্দ্রীয় ব্যাংকের

বাংলাদেশ ব্যাংকের ২০০ কোটি টাকার ঘূর্ণায়মান পুনঃঅর্থায়ন তহবিল রয়েছে। নিয়মানুযায়ী এ স্কিমের ঋণের আবেদনকারীর কমপক্ষে ১০ টাকার অ্যাকাউন্ট থাকতে হবে। কিন্তু বিভিন্ন পেশার লোকদের এ অ্যাকাউন্ট না

থাকায় এ স্কিমের ঋণ বিতরণ হচ্ছে না। তাই ১০ টাকার অ্যাকাউন্ট খোলার কাজ গতিশীল করার প্রয়োজনীয় উদ্যোগ নিতে এবং আশু ব্যবস্থা নিতে দেশের তফসিলি ব্যাংকগুলোকে পরামর্শ দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। এ বিষয়ে গতকাল ২১ জুন রোববার একটি প্রজ্ঞাপন জারি করে দেশের কার্যরত সকল তফসিলি ব্যাংককে পাঠিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), সমকাল (পৃ.১৪,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪)।

৮। ঈদে লঞ্চে যাত্রী ও মালামাল ওভারলোড করলে কঠিন শাস্তি

: নৌপরিবহণ মন্ত্রণালয়ের সতর্কতামূলক ব্যবস্থা

বর্ষায় ঈদ যাত্রায় বাড়তি সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে নৌপরিবহণ মন্ত্রণালয়। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) সভাকক্ষে আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে লঞ্চ, ফেরি সার্ভিস ও স্টিমারসহ অন্যান্য জলযানের নিরাপদ চলাচল বিষয়ক এক সভায় জানানো হয়, এবার বর্ষার মধ্যে ঈদে যাত্রী পরিবহণ করতে হবে। সঙ্গতকারণে দুর্ঘটনা প্রতিরোধে সকলকে সতর্ক করে দেওয়া হয়েছে। সভার সিদ্ধান্তে বলা হয় ঈদের সময় কোনো ক্রমেই লঞ্চে যাত্রী ও মালামাল ওভারলোড করা যাবে না। লোড লেভেল ক্রস করার আগেই লঞ্চ ছেড়ে দিতে হবে। সদরঘাট থেকে লঞ্চ ছাড়ার পর পথিমধ্যে লঞ্চ থামিয়ে নৌকা বা অন্য কোনো মাধ্যমে যাত্রী বা মালামাল উঠানো যাবে না। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), সংবাদ (পৃ.২,ক.৮), সমকাল (পৃ.৩,ক.৬), ডেইলি সান (পৃ.৩,ক.৭), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৪)।

৯। ২৭ কোটি টাকার ইয়াবাসহ পুলিশ কর্মকর্তা আটক

ফেনীতে এক শিশুকে ধাক্কা দিয়ে পালানোর সময় এক প্রাইভেটকার ধাওয়া দিয়ে প্রায় সাত লাখ ইয়াবাসহ পুলিশের এক এএসআইসহ দু'জনকে গ্রেফতার করেছে র‌্যাব। র‌্যাব-৭ এর সহকারী পরিচালক এএসপি সোহেল মাহমুদ জানান, গত ২০ জুন শনিবার মধ্যরাতে ফেনীর লালপোল এলাকা থেকে জব্দ করা কালো রঙের 'এলিয়ন' মডেলের প্রাইভেটকারটির মালিক ওই পুলিশ সদস্য। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.৫), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.২)। ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। ওষুধ জালিয়াতিতে ১০ লাখ অ্যামোক্সিসিলিনসহ বিপুল নকল ওষুধ উদ্ধার

জীবনরক্ষাকারী ওষুধ নিয়ে থেমে নেই জালিয়াতি। এক কোম্পানির ওষুধ অন্য কোম্পানির কারখানায় নকল করার মতো চাঞ্চল্যকর ঘটনা হাতেনাতে ধরা পড়েছে। ওই কারখানা থেকে ৯ লাখ ৭০ হাজার এন্টিবায়োটিক অ্যামোক্সিসিলিন ক্যাপসুল ও বিপুল পরিমাণ প্যারেকিটিন ট্যাবলেটসহ বিভিন্ন ধরনের নকল সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। সম্প্রতি রাজধানীর অদূরে মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ি থানার পাইকপাড়ায় মেসার্স গ্লোব ল্যাবরেটরিজ (প্রা.) লিমিটেড প্রতিষ্ঠানে এই ভয়াবহ জালিয়াতির ঘটনা ঘটেছে। এই ঘটনায় মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ি থানায় বিশেষ ক্ষমতা আইনে মামলা দায়ের করা হয়েছে। এভাবে মে মাস পর্যন্ত মোবাইল কোর্ট অভিযান চালিয়ে মোট ৩৫২টি মামলা দায়ের করেছে। ভ্রাম্যমান আদালতের (মোবাইল কোর্ট) এই অভিযান অব্যাহত থাকবে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৫)।

১১। সমুদ্র বন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রামসহ চারটি সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে পতেঙ্গা আবহাওয়া অফিস। গতকাল ২১ জুন রোববার পরবর্তী সংকেত না দেওয়া পর্যন্ত পূর্বাভাসে এ সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। এতে চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর সতর্কতা সংকেত দেখানোর পাশাপাশি কিছু নির্দেশনাও দেওয়া হয়েছে। সূত্র-সমকাল (পৃ.২,ক.১), ভোরের কাগজ (পৃ.১,ক.৬), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ : প্রয়োজন না থাকা সত্ত্বেও অভ্যন্তরীণ উৎস থেকে ১ লাখ টন বাড়তি গম ক্রয়ের সরকারি সিদ্ধান্তে দলীয় স্বার্থে সরকারি টাকার অপব্যবহার হওয়ায় তদন্ত কমিটি গঠন করে অনিয়ম হয়ে থাকলে দায়ী ব্যক্তিদের আইনের মুখোমুখি করার আহ্বান;

খ. ইত্তেফাক, সমকাল, ইনকিলাব, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : চট্টগ্রামের বোয়ালখালীতে খালে পড়ে যাওয়া তেল বোঝাই ওয়াগন অপসারণ না করায় তেল কর্ণফুলী নদী হয়ে সাগরে ছড়িয়ে পড়ায় তেল অপসারণে দ্রুত ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

গ. জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ, যায়যায়দিন : বাংলাদেশে বসবাসরত মিয়ানমারের মুসলিম রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে বিশ্বের মুসলিম দেশগুলিকে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করার আহ্বান জানিয়ে বর্ডার গার্ড বাংলাদেশের একজন সদস্যকে মিয়ানমারের সীমান্তরক্ষীরা আটকে রাখায় নিন্দা জানিয়ে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি;

ঘ. সংবাদ : দিনাজপুরের ফুলবাড়ি থানা থেকে ফেনসিডিল উদ্ধার হওয়ায় সংবাদ পরিবেশনকারী সাংবাদিককে মিথ্যা মামলায় জড়ানোর অভিযোগে অভিযুক্ত ওই থানার এসআই নওশাদ আলীর বিরুদ্ধে যথাযথ তদন্তের মাধ্যমে ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঙ. যুগান্তর : প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফল নিয়ে নানারকম দুর্নীতির অভিযোগ নিয়ে সারাদেশের

শিক্ষা অফিসে প্রায় ৩৫ হাজার অভিযোগ জমা পড়েছে। যার মধ্যে অনেক অভিযোগ সত্য বলে প্রমাণিত হওয়ার খবর উদ্বেগজনক উল্লেখ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কঠোর ব্যবস্থার দাবি;

চ. ফিনানশিয়াল এক্সপ্রেস : দীর্ঘদিন ধরে অবহেলিত এবং নানা সমস্যায় জর্জরিত বাংলাদেশ রেলওয়েকে গতিশীল করার জন্য চট্টগ্রামের পাহাড়তলীর রেলওয়ে কারখানার আধুনিকায়ন এবং দক্ষ মানবসম্পদ তৈরির যে পরিকল্পনা সরকার গ্রহণ করেছে তা যোগাযোগে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত;

ছ. ইন্ডিপেনডেন্ট : পথশিশুরা সামান্য অর্থের বিনিময়ে অবরোধ-হরতালের সময় মিছিলে যোগদান, গাড়ি পোড়ানো, বোমা নিক্ষেপসহ চুরি, ছিনতাই, মাদক ফেরিকরাসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে উল্লেখ করে সরকারের পাশাপাশি বিভিন্ন ব্যক্তি এবং সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি অবজারভার : ট্রাফিক আইন যাদের প্রতিষ্ঠিত করার কথা তারাই তা ভঙ্গ করে অসহনীয় যানজট তৈরি করছেন এবং জনগণের মধ্যেও আইন ভঙ্গের প্রবণতা আছে উল্লেখ করে এ ব্যাপারে ট্রাফিক কর্তৃপক্ষকে সচেতন হওয়ার পরামর্শ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে ব্যাংকিং ব্যবস্থাকে সকল অসততা থেকে মুক্ত করতে না পারলে এ ব্যবসা জনকল্যাণে পরিচালিত হতে পারবে না বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত 'শিশুশ্রম বন্ধে প্রকৃত সমাধান বের করতে হবে' শিরোনামের নিবন্ধে হেলেনা জাহাঙ্গীর শিশুশ্রম বন্ধ করতে হলে আইনের যথাযথ বাস্তবায়নের পাশাপাশি সবাইকে মানবিক মূল্যবোধ নিয়ে এগিয়ে আসতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা